



ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি  
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯  
ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮ ; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭৮৯৬৩৬  
Website: [www.nib.gov.bd](http://www.nib.gov.bd)

বিষয়: ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের জানুয়ারি-জুন ২০১৭ সময়ের কার্যক্রমের প্রতিবেদন।

সরকার কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চীফ ইনোভেশন অফিসার এবং সংস্থা উপজেলা পর্যায়ে/জেলা/ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। মন্ত্রিপরিষদ বিভাগ গত এপ্রিল ৮, ২০১৩ তারিখে এসংক্রান্ত একটি প্রজ্ঞাপন গেজেট আকারে প্রকাশ করে। এরই প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) গত ৫ ডিসেম্বর ২০১৩ তারিখে ইনোভেশন টিম গঠন এবং পরর্তীতে নভেম্বর ২৪, ২০১৫ তারিখে ইনোভেশন টিম পুনর্গঠন করে।

ইনোভেশন টিমের জানুয়ারি-জুন ২০১৭ সময়ের কার্যাবলী ও অর্জন নির্ধারিত ছকে উল্লেখ করা হল।

ক্রমিক নং	বিষয়	গৃহীত পদক্ষেপ	উল্লেখযোগ্য অর্জন	মন্তব্য
১।	জীবপ্রযুক্তি ব্যবহার করে নতুন প্রযুক্তি উদ্ভাবনের নিমিত্ত গবেষণা কার্যক্রম পরিচালনায় উদ্বুদ্ধকরণ	এনআইবিতে কর্মরত গবেষকগণের সহিত নিয়মিত বৈঠক, আলোচনা এবং মটিভেশন কার্যক্রম পরিচালনা করা।	উল্লেখিত সময়ে গবেষকগণের সহিত নিয়মিত বৈঠক, আলোচনা এবং মটিভেশন কার্যক্রম পরিচালনা করা হয়েছে।	
		দেশ বিদেশের বিভিন্ন গবেষণা অনুদান প্রদানকারি সংস্থায় অনুদানের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাবনা প্রেরণ।	দেশ বিদেশের বিভিন্ন জায়গায় কিছু গবেষণা প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মোট ৪টি প্রকল্পের বিপরীতে গবেষণা অনুদান পাওয়া গিয়াছে। আরও প্রায় ৬টি গবেষণা প্রস্তাব বিবেচনাধীন আছে।	
২।	দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত বিজ্ঞানীদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ	বায়োইনফরমেটিকস্ এবং Open Source Software, সাইবার নিরাপত্তা, ইত্যাদি বিষয়ে গবেষকগণের জন্য প্রশিক্ষণের আয়োজন	ইতোমধ্যে বায়োইনফরমেটিকস্ বিষয়ে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে। Open Source Software, সাইবার নিরাপত্তা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রক্রিয়াধীন আছে।	
		দক্ষতার সহিত কম্পিউটার ব্যবহার, সংশ্লিষ্ট ক্ষেত্রে সাইবার নিরাপত্তা ব্যবস্থাপনা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ।	কম্পিউটার এবং ইন্টানেট ব্যবহার সংক্রান্ত বেসিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন	কম্পিউটার ব্যবহারকারী অফিস সহকারীগণের জন্য কম্পিউটার এবং ইন্টানেট ব্যবহার সংক্রান্ত বেসিক বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। সাইবার নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রক্রিয়াধীন আছে।
৩।	জাতীয় ই-সেবা সিস্টেম	জাতীয় ই-সেবা সিস্টেম চালুর উদ্যোগ গ্রহণ।	ই-ফাইলিং শুরু প্রক্রিয়াধীন	

